# ৫০তম বিসিএস প্রিলি


# Pioneer Batch

## বাংলা ভাষা

লেকচার: ০৪

টপিক:

✓ পদ, ছন্দ, অলঙ্কার, পরিভাষা, এক কথায় প্রকাশ, ক্রিয়ার কাল।



# পদ প্রকরণ

➢ বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। পদ প্রধানত ২ প্রকার-

- পদ
  - ১। সব্যয়
    - ১। বিশেষ্য
    - ২। বিশেষণ
    - ৩। সর্বনাম
    - ৪। ক্রিয়া
  - ২। অব্যয়

সুতরাং, পদ পাঁচ প্রকার।

মুক্তি (মেধুন / লম + লম্ম

বাক্যে সকল CASE

পদ / ব্যাকরণের মূল শ্রেণি : ৮টি

পদ


অব্যয়


ADY

ও সি নি ক্রম

মিন্ট : C হ্রাস

১। Noun /
২। Pronoun /
৩। Adj =
৪। verb
৫। Adverb / ক্রিয়া বিশেষণ
৬। preposition : পদ অব্যয়
৭। conjunc : FANBOY
৮। Inte : আবেগ



Co ordinating
Sub



with
atomic
self

➢ দুঃসাহসী অভিযাত্রীরা মানুষের চিরন্তন কল্পনার রাজ্য চাঁদের দেশে পৌঁছেছেন এবং মঙ্গলগ্রহেও যাওয়ার জন্য তাঁরা প্রস্তুত হচ্ছেন।

**আলোচ্য বাক্যটিতে:**

- ✓ বিশেষ্য পদ : অভিযাত্রী, মানুষ, কল্পনা, রাজ্য, দেশ, মঙ্গলগ্রহ, চাঁদ
- ✓ বিশেষণ পদ : দুঃসাহসী, চিরন্তন, প্রস্তুত
- ✓ সর্বনাম পদ : তাঁরা
- ✓ ক্রিয়াপদ : পৌঁছেছেন, হচ্ছেন, যাওয়ার (অসমাপিকা ক্রিয়া)
- ✓ অব্যয় পদ : এবং, জন্য


Adjective
Adverb
Adj
N
P
Adv + verb
Adv + Adjective + Adverb
Adv
Adj
Adj
Ad
Pre
Con
In


Adj
Adv
Adj
Adv
Adv

## ❑ বিশেষ্য পদকে ৬ ভাগে ভাগ করা যায়-

(i) নামবাচক বিশেষ্য (Proper Noun):- আনিস, ঢাকা, হিমালয়, গীতাঞ্জলি ইত্যাদি।

(ii) জাতিবাচক বিশেষ্য (Common Noun):- মানুষ, পাখি, পর্বত, শহর ইত্যাদি।


(iii) বস্তু/দ্রব্যবাচক বিশেষ্য (Material Noun):- খাতা, কলম, মাটি, চিনি, লবণ, পানি ইত্যাদি।

(iv) সমষ্টিবাচক বিশেষ্য (Collective Noun):- সভা, জনতা, সমিতি, মাহফিল, পঞ্চায়েত ইত্যাদি।

(v) ভাববাচক/ক্রিয়াবাচক বিশেষ্য (Verbal Noun): - গমন (যাওয়া কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ) ইত্যাদি।

(vi) গুণবাচক বিশেষ্য (Abstract Noun):- সততা, ভদ্রতা, যৌবন, মধুরতা, তারুণ্য, সুখ ইত্যাদি। সাধারণত গুণবাচক বিশেষ্যের শেষে, তা, ত্ব, য, ইত্যাদি থাকে।

# বিশেষণ পদ


বিশেষণ
নাম বিশেষণ
ভাব বিশেষণ
বিশেষ্যের বিশেষণ
সর্বনামের বিশেষণ
ক্রিয়া বিশেষণ
বিশেষণীয় বিশেষণ
অব্যয়ের বিশেষণ
বাক্যের বিশেষণ

## ❑ নাম বিশেষণ

| | |
|---|---|
| রূপবাচক | নীল আকাশ, সবুজ মাঠ, কাল মেঘ। |
| গুণবাচক | চৌকস লোক, দক্ষ কারিগর, ঠাণ্ডা হাওয়া। |
| অবস্থাবাচক | তাজা মাছ, রোগা ছেলে, খোঁড়া পা। |
| সংখ্যাবাচক | হাজার লোক, দশ দশা, শ টাকা। |
| ক্রমবাচক | দশম শ্রেণি, সত্তর পৃষ্ঠা, প্রথমা কন্যা। |
| পরিমাণবাচক | বিঘাটেক জমি, পাঁচ শতাংশ ভূমি, হাজার টনী জাহাজ। |
| অংশবাচক | অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল, সিকি পথ। |
| উপাদানবাচক | বেলে মাটি, মেটে কলসী, পাথুরে মূর্তি। |
| প্রশ্নবাচক | কত দূর পথ? কেমন অবস্থা? |
| নির্দিষ্টতাজ্ঞাপক | এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ। |

- **ক্রিয়া বিশেষণঃ-** ধীরে ধীরে বায়ু বয়, পরে একবার এসো।
- **বিশেষণীয় বিশেষণঃ-** রকেট অতি দ্রুত চলে, সামান্য একটু দুধ দাও।
- **অব্যয়ের বিশেষণঃ-** ধিক তারে শত ধিক নির্লজ্জ যে জন।
- **বাক্যের বিশেষণঃ-** বাস্তবিক আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।

## বিশেষণের অতিশায়ন (Degree):-

(i) **দুয়ের মধ্যে অতিশায়নঃ-** বাঘের চেয়ে সিংহ বলবান।

(ii) **সবার মধ্যে অতিশায়নঃ-** পশুদের মধ্যে সিংহ সর্বাপেক্ষা বলবান।

⇒ কখনো কখনো ষষ্ঠী-বিভক্তিযুক্ত শব্দে-(র, এর) ষষ্ঠী বিভক্তিই ৫মী- বিভক্তির (হতে, থেকে, চেয়ে) কাজ করে।

যেমন: এ মাটি সোনার বাড়া।

অর্থাৎ, এ মাটি সোনার চেয়ে দামী।

# বিশেষ্য ও বিশেষণ পদ চেনার উপায়

## ❑ বিশেষ্য ও বিশেষণ চেনার উপায়

- ✓ কী প্রশ্নের উত্তর- বিশেষ্য।
- ✓ বহুবচন হলে- বিশেষ্য।
- ✓ পদাশ্রিত নির্দেশক যুক্ত হলে- বিশেষ্য।
- ✓ বিভক্তি যুক্ত হলে- বিশেষ্য।
- ✓ কাউকে বিশেষিত না করলে- বিশেষ্য।
- ✓ কাউকে বিশেষিত করলে- বিশেষণ।
- ✓ কেমন প্রশ্নের উত্তর- বিশেষণ।

# POLL QUESTION-01

➲ ‘হে ঐশ্বর্যবান, তোমারে যা দিয়েছিনু, সে তোমারই দান,’- এ বাক্যে ‘তোমার’ কোন পদ নির্দেশ করে?

(a) বিশেষণ

(b) বিশেষ্য

(c) অব্যয়

(d) সর্বনাম

## ❖ সর্বনাম পদ

| | |
|---|---|
| ব্যক্তিবাচক বা পুরুষবাচক | আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তিনি, ও, ওরা ইত্যাদি। |
| আত্মবাচক | স্বয়ং, নিজে, আপনি ইত্যাদি। |
| দূরত্ববাচক | ঐ, ঐসব ইত্যাদি। |
| সামীপ্যবাচক | এ, এই, ইনি, ইহারা ইত্যাদি। |
| প্রশ্নবাচক | কি, কী, কে, কাহার, কার ইত্যাদি। |
| ব্যতিহারিক | নিজে নিজে, আপনা-আপনি, পরস্পর ইত্যাদি। |
| সংযোগজ্ঞাপক | যে, যিনি, যাঁরা, যাহারা ইত্যাদি। |
| অনির্দিষ্টতাজ্ঞাপক | কেউ, কোথাও, কোনো, কিছু ইত্যাদি। |
| সাকুল্যবাচক | সব, সর্ব, সকল, সমুদয়, তাবৎ ইত্যাদি। |
| অন্যাদিবাচক | অন্য, পর, অপর ইত্যাদি। |

# অব্যয় পদ

অব্যয়
- সমুচ্চয়ী
  - সংযোজক
  - বিয়োজক
  - সংকোচক
  - অনুগামী সমুচ্চয়ী
- অনন্বয়ী- (Interjection)
- অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়
- অনুসর্গ/ পদান্বয়ী (Preposition)
  - বিভক্তিসূচক
  - বিভক্তিরূপে ব্যবহৃত

বাংলা ভাষায় ৩ প্রকার অব্যয় শব্দ রয়েছে। যথা:

(১) বাংলা অব্যয় ⇒ আর, আবার, ও, হ্যাঁ, না।

(২) তৎসম অব্যয় ⇒ যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত।

(৩) বিদেশি অব্যয় ⇒ আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা।

মূলকথা দেখো।

১। Noun = বিশেষ্য
২। pronoun = সর্বনাম
৩। Adjective = বিশেষণ
৪। Verb = ক্রিয়া
৫। অব্যয় → সমুচ্চয়ী (and, but) / অনন্বয়ী / Interjection = আশ্চর্যবোধক. Hello
অনুসর্গ / Preposition
অনুকারাত্মক = Sound = ঝনঝন, চকচক, টনটন = কনকনে

আর্টিকেল

পদের

১ N
২ P
৩ A
৪ C/V
৫ A
৬ Pr
৭ C
৮ I

## ❑ সমুচ্চয়ী অব্যয়

➢ **সংযোজক:** **ও**, **এবং**, **আর**, **অধিকন্তু**, **সুতরাং** ইত্যাদি সংযোজক অব্যয়।

যেমন: তিনি সৎ, **তাই** সকলে তাকে শ্রদ্ধা করে।

➢ **বিয়োজক:** **কিংবা**, **নতুবা**, **অথবা**, ইত্যাদি বিয়োজক অব্যয়। যেমন- মন্ত্রের সাধন **কিংবা** শরীর পাতন।

➢ **সংকোচক:** **কিন্তু**, **অথচ**, **বরং** ইত্যাদি সংকোচক অব্যয়। যেমন- তিনি বিদ্বান **অথচ** চরিত্রবান নন।

➢ **অনুগামী সমুচ্চয়ী:** যে, যদি, যদিও, যেন ইত্যাদি অনুগামী সমুচ্চয়ী অব্যয়।

যেমন- তিনি এত পরিশ্রম করেন **যে** তাঁর স্বাস্থ্য ভঙ্গ হওয়ার আশঙ্কা আছে।

## ❑ অনন্বয়ী অব্যয়:

| | |
|---|---|
| ✓ উচ্ছ্বাস প্রকাশে | : **মরি মরি!** কী সুন্দর প্রভাতের রূপ! |
| ✓ স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে | : **হ্যাঁ**, আমি যাব। **না**, আমি যাব না। |
| ✓ সম্মতি প্রকাশে | : আমি আজ **আলবত** যাব। **নিশ্চয়ই** পারব। |
| ✓ অনুমোদনবাচকতায় | : আপনি যখন বলছেন, **বেশ তো** আমি যাব। |
| ✓ সমর্থনসূচক জবাবে | : আপনি যা জানেন তা **তো ঠিকই** বটে। |
| ✓ যন্ত্রণা প্রকাশে | : **উঃ!** পায়ে বড্ড লেগেছে। **নাঃ!** এ কষ্ট অসহ্য। |
| ✓ ঘৃণা বা বিরক্তি প্রকাশে | : **ছি ছি**, তুমি এত নীচ! **কী আপদ!** লোকটা যে পিছু ছাড়ে না। |
| ✓ সম্বোধনে | : '**ওগো**, আজ তোরা যাস নে ঘরের বাহিরে। |
| ✓ সম্ভাবনায় | : 'সংশয়ে সংকল্প সদা টলে/**পাছে** লোকে কিছু বলে।' |
| ✓ বাক্যালংকার অব্যয় | : '**হায়রে** ভাগ্য, **হায়রে** লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা।' |

- **অনুকার/ধ্বন্যাত্মক অব্যয়:**

  শীতে শরীর **কনকন** করে উঠল।

  **ঝমঝম** করে বৃষ্টি পড়ছে।

- **পদান্বয়ী/অনুসর্গ অব্যয়:** দ্বারা, দিয়ে, হতে, চেয়ে ইত্যাদি পদান্বয়ী/অনুসর্গ।

  যেমন- ওকে **দিয়ে** এ কাজ হবে না।


উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ ক্রিয়াপদ:

ক্রিয়াপদ বিভিন্ন রকম হতে পারে। সাধারণত ক্রিয়াপদ ছাড়া বাক্য গঠিত হয় না। তবে কখনো কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য থাকে। তখন সেটাকে অনুক্ত ক্রিয়াপদ ধরা হয়।

যেমন: ইনি আমার ভাই = ইনি আমার ভাই (হন)।

**গঠন:** ক্রিয়ামূল বা ধাতুর সাথে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়াপদ গঠন হয়।



### ➢ প্রকারভেদ:

(ক) ভাবপ্রকাশের দিক দিয়ে ক্রিয়া **দুই** প্রকার। যথা:

**(১) সমাপিকা ক্রিয়া:**

✓ ছেলেরা খেলা করছে।

**(২) অসমাপিকা ক্রিয়া:**

✓ প্রভাতে সূর্য উঠলে . . . . .

✓ আমরা হাত-মুখ ধুয়ে . . . . .

**(খ) কর্মের ভিত্তিতে ক্রিয়া ৩ প্রকার।** যথা:

**(১) সকর্মক ক্রিয়া:** হামিদ বই পড়ে (কী পড়ে?)।
আমি তাকে একটি বই দিলাম

**(২) অকর্মক ক্রিয়া:** মেয়েটি হাসে।

**(৩) দ্বিকর্মক ক্রিয়া:** বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন (কী দিয়েছেন?, কাকে দিয়েছেন?)।

**বি.দ্র.** দ্বিকর্মক ক্রিয়ার প্রাণিবাচক কর্মকে গৌণকর্ম এবং অপ্রাণিবাচক কর্মকে মুখ্য কর্ম বলে।

**প্রযোজক/ণিজন্ত ক্রিয়া:** মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

এখানে,

- ✓ **প্রযোজক কর্তা:** মা
- ✓ **প্রযোজ্য কর্তা:** শিশুকে

➯ **যৌগিক ক্রিয়া:** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন-

✓ ঘটনাটি **শুনে রাখ।**

✓ ছেলে মেয়েরা **শুয়ে পড়ল** ইত্যাদি।

➯ **মিশ্র ক্রিয়া:** কর্, হ, দে, পা, যা, কাট্, গা, ধর্, মার ইত্যাদি যুক্ত হয়।

✓ আমরা তাজমহল **দর্শন করলাম।**

✓ তোমাকে দেখে **প্রীত হলাম** ইত্যাদি।

➯ **সমধাতুজ কর্ম:** ক্রিয়া ও কর্ম একই ধাতু থেকে উৎপন্ন।

✓ বেশ এক **ঘুম ঘুমিয়েছি।**

✓ আর কত **খেলা খেলবে?**

➯ **নামধাতু ও নামধাতুর ক্রিয়া:** 'আ' প্রত্যয় যোগে গঠিত হয়।

✓ "শিক্ষক ছাত্রকে বেতাচ্ছেন"।

+ verb

+ V

N

V

➤ ক্রিয়ার ভাব ৪ প্রকার-

(i) **নির্দেশক ভাব:** সাধারণ বিবৃতি → আমি বই পড়ি।

প্রশ্ন জিজ্ঞাসায় → আপনি কি আসবেন?

আদেশ → তাড়াতাড়ি পড়তে বস।

নিষেধ → এই ভরদুপুরে খেলতে যেও না।

অনুরোধ → প্রিলি পাশ করতে চাইলে দয়া করে মন দিয়ে পড়।

উপদেশ → প্রিলি পরীক্ষায় নেগেটিভ মার্কিং এর বিষয়ে সাবধান থাকবে।

(ii) **অনুজ্ঞা ভাব:** আদেশ, নিষেধ, অনুরোধ, উপদেশ ইত্যাদি বোঝাতে।

(iii) **সাপেক্ষ ভাব:** তিনি ফিরে এলে সব কিছুর মীমাংসা হবে।

(iv) **আকাঙ্ক্ষা প্রকাশক ভাব:** বৃষ্টি আসে আসুক। সে যায় যাক। সে হাসে হাসুক।

## ❑ একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ

| | | | |
|---|---|---|---|
| ভালো : | বিশেষণ রূপে | : | ভালো বাড়ি পাওয়া কঠিন। |
| | বিশেষ্য রূপে | : | আপন ভালো সবাই চায়। |
| পুণ্য : | বিশেষণ রূপে | : | তোমার এ পুণ্য প্রচেষ্টা সফল হোক। |
| | বিশেষ্য রূপে | : | পুণ্যে মতি হোক। |
| সত্য : | বিশেষণ রূপে | : | সত্য পথে থেকে সত্য কথা বল। |
| | বিশেষ্য রূপে | : | এ এক বিরাট সত্য। |
| ধনী : | বিশেষণ রূপে | : | ধনী লোকের খয়ের খাঁর অভাব হয় না। |
| | বিশেষ্য রূপে | : | ধনীকেও একদিন মরতে হবে। |
| বৃদ্ধ : | বিশেষণ রূপে | : | বৃদ্ধ লোকটিকে মন্দ কথা বলো না। |
| | বিশেষ্য রূপে | : | বৃদ্ধকে সম্মান করতে শেখ। |

# POLL QUESTION-02

➲ **নিচের কোন বাক্যটি ভিন্ন?**

(a) সে নিজে নিজেই খুন করেছে।

(b) সেই এক মার মেরেছি।

(c) আপনা আপনি কেউ কেমন করে?

(d) ধনী-গরীব পরস্পর সমান।

ছন্দ অর্থ ‘গতি সৌন্দর্য’। সাহিত্যে এর অর্থ হল- ভাষাগত ধ্বনি সৌন্দর্য। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়, ‘কথাকে তার জড়ধর্ম থেকে মুক্তি দেবার জন্যই ছন্দ।’

**অক্ষর:** স্বল্পতম সময় বা পরিশ্রমে যে ধ্বনি উচ্চারিত হয় তাকে অক্ষর বলে।

অক্ষর ২ প্রকার। যথা: (১) মুক্তাক্ষর (২) বদ্ধাক্ষর

**(১) মুক্তাক্ষর:**

যে শব্দাংশের শেষে স্বর থাকে তাকে মুক্তাক্ষর বলে। যেমন- বাবা (বা + বা)।

**(২) বদ্ধাক্ষর:**

যে শব্দাংশের শেষে স্বর থাকে না অর্থাৎ ব্যঞ্জন থাকে তাকে বদ্ধাক্ষর বলে। যেমন- কলম = ক + লম। শব্দটিতে ‘লম’ একটি বদ্ধাক্ষর কারণ এর শেষে ব্যঞ্জনবর্ণ আছে।

- ✓ বাংলা কবিতার ছন্দ মূলত ৩টি- স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত। এছাড়া অমিত্রাক্ষর ছন্দ, স্বরাক্ষরিক ছন্দ, মুক্তক ছন্দ রয়েছে।
- ✓ স্বরাক্ষরিক ছন্দের প্রবর্তক – সত্যেন্দ্রনাথ দত্ত।
- ✓ মুক্তক ছন্দের প্রবর্তক – রবীন্দ্রনাথ ঠাকুর (বলাকা কাব্যগ্রন্থ)।
- ✓ বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন – মাইকেল মধুসূদন দত্ত ।
- ✓ **মাত্রা:** অক্ষর উচ্চারণের কাল পরিমাণকে মাত্রা বলে।

8:38

Resume

❖ স্বরবৃত্ত ছন্দ : বাঁশ বাগানের / মাথার উপর / চাঁদ উঠেছে / ওই- (মাত্রা: ৪/৪/৪/১)

পূর্ণ পূর্ণ পূর্ণ অপূর্ণ

মাগো আমার / শোলক বলা / কাজলা দিদি / কই। - (মাত্রা: ৪/৪/৪/১)

পূর্ণ পূর্ণ পূর্ণ অপূর্ণ

-যতীন্দ্রমোহন বাগচী

❑ স্বরবৃত্তের বৈশিষ্ট্য–

➢ মূল পর্বে মাত্রা সংখ্যা ৪।

➢ অপূর্ণ পর্ব একমাত্রার হয়।

➢ স্বরবৃত্তে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর সর্বত্র একমাত্রা হয়।

সম্পদ = দায় + মালিকের মূলধন

১ + ১ + ১ + ২

৮ + ৮ + ৮

২০ =

② প্রাণ

অক্ষর। / Syllable

| | |
|---|---|
| মুক্তাক্ষর: | বদ্ধাক্ষর। = বন্ধ |
| তু | আম মন |
| বলে | আম লাম |
| দি দু | নাকি |

মুক্ত স্বর / বদ্ধ

হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন

৮ + ৬ = ১৪

৭ মাত্রা ৭ মাত্রা | ২ মাত্রা

❖ **মাত্রাবৃত্ত ছন্দ:** সোনার পাখি ছিল / সোনার খাঁচাটিতে (মাত্রা: ৭ + ৭)
বনের পাখি ছিল/বনে। (মাত্রা: ৭ + ২)

❑ **মাত্রাবৃত্তের বৈশিষ্ট্য:**

➢ মূল পর্বে মাত্রা সংখ্যা চার, পাঁচ, ছয়, সাত এবং আট মাত্রার। তবে এ ছন্দে ছয় মাত্রার প্রচলনই বেশি।

➢ এ ছন্দে বদ্ধাক্ষর সর্বদা দুই মাত্রার এবং মুক্তাক্ষরের একমাত্রার হয়। **উদাহরণ:** আমরা = আম (১+১) + রা (১) = ৩ অক্ষর। উদাহরণস্বরূপ: 'আঠারো বছর বয়স' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

❖ **অক্ষরবৃত্ত ছন্দ:** মরিতে চাহিনা আমি/সুন্দর ভুবনে, (মাত্রা: ৮+৬)
মানবের মাঝে আমি/বাঁচিবারে চাই। (মাত্রা: ৮+৬)

**- রবীন্দ্রনাথ ঠাকুর**

❑ **অক্ষরবৃত্তের বৈশিষ্ট্য:**

✓ মূল পর্বে মাত্রা সংখ্যা ৮ বা ১০ মাত্রার হয়।

✓ এ ছন্দে লয় ধীর বা মধ্যম।

✓ এ ছন্দে শব্দের আদি ও মধ্যে বদ্ধাক্ষর একমাত্রা এবং শব্দের শেষে দুই মাত্রা হয়।

✓ এ ছন্দে সংযুক্ত বা অসংযুক্ত অক্ষর সমান ধরা হয়। উদাহরণ: কেষ্টা = কে (১) + ষ্টা (১) = ২ অক্ষর।

## ❑ অমিত্রাক্ষর: (Blank Verse)

কবিতার পঙ্ক্তির শেষে মিলহীন ছন্দকে অমিত্রাক্ষর বলা হয়।

যেমন – সম্মুখ- সমরে পড়ি, বীর চূড়ামনি/ বীরবাহু চলি যবে গেলা যমপুরে

### বৈশিষ্ট্য:

(১) ছন্দে কবিতায় চরণের অন্ত্যমিল থাকে না।

(২) অমিত্রাক্ষর ছন্দ পয়ারেরই এক প্রকারভেদ।

(৩) অমিত্রাক্ষর ছন্দে প্রতি পঙ্ক্তিতে ১৪ অক্ষর থাকে। (৮+৬) পর্বে বিভক্ত।

(৪) অমিত্রাক্ষর ছন্দের অন্য নাম প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দ।

➢ মাইকেল মধুসূদন দত্ত বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক।

# অলঙ্কার

✓ যা দ্বারা কাব্যকে সজ্জিত করা হয় তাকে অলঙ্কার বলে।

‘কৌষিতকী’ উপনিষদে প্রথম অলঙ্কার শব্দটি পাওয়া যায়। আচার্য দণ্ডী প্রথম অলঙ্কারের সংজ্ঞা দেন।

➢ **শ্রেণিবিভাগ:**

অলঙ্কার দুই প্রকার: ১. শব্দালঙ্কার ও ২. অর্থালঙ্কার।

❑ **উল্লেখযোগ্য শব্দালঙ্কারের নামসমূহ:**

(ক) অনুপ্রাস

(খ) যমক

(গ) শ্লেষ

(ঘ) বক্রোক্তি

## ❑ উল্লেখযোগ্য অর্থালঙ্কারসমূহ

- ✓ **সাদৃশ্যমূলক:** উপমা, রূপক, উৎপ্রেক্ষা, ভ্রান্তিমান, অতিশয়োক্তি, ব্যতিরেক, প্রতিবস্তূপমা প্রভৃতি প্রধান।
- ✓ **বিরোধমূলক:** বিরোধাভাস, বিভাবনা, বিশেষোক্তি, অসঙ্গতি, বিষম প্রভৃতি প্রধান।
- ✓ **গূঢ়ার্থমূলক:** বাচ্যার্থের আড়ালে আরেকটি গূঢ়ার্থ থাকে তাকে গূঢ়ার্থমূলক অলঙ্কার বলে।

**গূঢ়ার্থমূলক অলঙ্কার ২ প্রকার**। যথা – (১) ব্যাজস্তুতি (২) অপ্রস্তুত প্রশংসা।

- ✓ **অপহ্নুতি:** যদি উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয় তবে তাকে অপহ্নুতি অলঙ্কার বলে।

যেমন – দেশের যতো নদী ধারা জল না, ওরা অশ্রুধারা।

# ক্রিয়ার কাল

ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলে। অর্থাৎ ক্রিয়া বর্তমান, অতীত বা ভবিষ্যৎ-এ সম্পন্ন হওয়ার সময় নির্দেশই ক্রিয়ার কাল।

## ➢ কালের প্রকারভেদ

- ক্রিয়ার কাল
  - বর্তমান কাল
  - অতীত কাল
  - ভবিষ্যৎ কাল

## ❑ বর্তমান কাল

যে ক্রিয়ার কাজ এখন ঘটছে বা স্বভাবত ঘটে থাকে বা কিছুক্ষণ পূর্বে ঘটলেও তার ফল বিদ্যমান রয়েছে; এমন বোঝালে তাকে বর্তমান কাল বলে। যেমন - পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।

### ➢ বর্তমান কালের প্রকারভেদ

| বাংলা ভাষার ব্যাকরণ- নবম-দশম শ্রেণি | বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি- নবম-দশম শ্রেণি |
|---|---|
| তিন প্রকার | চার প্রকার |
| (ক) সাধারণ বর্তমান কাল<br>(খ) ঘটমান বর্তমান কাল<br>(গ) পুরাঘটিত বর্তমান কাল | (ক) সাধারণ বর্তমান কাল<br>(খ) ঘটমান বর্তমান কাল<br>(গ) পুরাঘটিত বর্তমান কাল<br>(ঘ) অনুজ্ঞা বর্তমান |

## ❑ অতীত কাল

যে ক্রিয়া সাধারণভাবে অতীত সময়ে সংঘটিত হয়েছে, তার কালকে সাধারণ অতীত কাল বলে। যেমন – আমি সেদিন গিয়েছিলাম।

➢ **অতীত কালের প্রকারভেদ: চার প্রকার-**

- সাধারণ অতীত
- নিত্যবৃত্ত অতীত
- ঘটমান অতীত কাল
- পুরাঘটিত অতীত কাল

## ❑ ভবিষ্যৎ কাল

যে ক্রিয়া ভবিষ্যতে সংঘটিত হবে তাকে ভবিষ্যৎ কাল বলে। যেমন: আগামীকাল আমাদের পরীক্ষা শুরু হবে।

### ➢ ভবিষ্যৎ কালের প্রকারভেদ

| বাংলা ভাষার ব্যাকরণ- নবম-দশম শ্রেণি | বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি- নবম-দশম শ্রেণি |
|---|---|
| তিন প্রকার | তিন প্রকার |
| ১. সাধারণ ভবিষ্যৎ কাল | ১. সাধারণ ভবিষ্যৎ কাল |
| ২. ঘটমান ভবিষ্যৎ কাল | ২. ঘটমান ভবিষ্যৎ কাল |
| ৩. পুরাঘটিত ভবিষ্যৎ কাল | ৩. অনুজ্ঞা ভবিষ্যৎ কাল |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Accord | সম্মতি | Affidavit | হলফনামা |
| Account | হিসাব | Agenda | আলোচ্যসূচি |
| Acknowledgement | প্রাপ্তিস্বীকার | Agreement | চুক্তি |
| Acting | ভারপ্রাপ্ত | Aid | সাহায্য |
| Ad- hoc | তদর্থক/অনানুষ্ঠানিক | Allegation | অভিযোগ |
| Adaptation | অভিযোজন | Allotment | বরাদ্দ |
| Addendum | পরিশিষ্ট | Allowance | ভাতা |
| Adjournment | মুলতবি/স্থগিতকরণ | Ambassador | রাষ্ট্রদূত |
| Administration | প্রশাসন | Amendment | সংশোধনী |
| Advertisement | বিজ্ঞাপন | Ancestor | পূর্বপুরুষ |
| Agora | পণ্যাগার | Appendix | পরিশিষ্ট |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Arbiter | সালিশ | Bio-data | জীবনবৃত্তান্ত |
| Article | অনুচ্ছেদ | Biography | জীবনচরিত |
| Assembly | পরিষদ | Book post | খোলা ডাক |
| Asylum | আশ্রয় | Bureaucracy | আমলাতন্ত্র |
| Attestation | প্রত্যায়ন | Cabinet | মন্ত্রিপরিষদ |
| Attested | সত্যায়িত, প্রত্যয়িত | Caretaker | তত্ত্বাবধায়ক |
| Autonomous | স্বায়ত্তশাসিত | Casting Vote | নির্ণায়ক ভোট |
| Bail | জামিন | Catalogue | তালিকা |
| Bankrupt | দেউলিয়া | Census | আদমশুমারি |
| Bond | প্রতিজ্ঞাপত্র | Certificate | সনদপত্র |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Code of conduct | আচরণবিধি | Democracy | গণতন্ত্র |
| Constitution | সংবিধান | Deputation | প্রেষণ |
| Consumer | ব্যবহারকারী | Dialect | উপভাষা |
| Corrigendum | শুদ্ধিপত্র | Diplomat | কূটনীতিক |
| Curfew | সান্ধ্য আইন | Efficiency | কর্মক্ষমতা |
| Customs Duty | বহিঃশুল্ক | Emigrant | প্রবাসী |
| De Jure | আইনত | Excise Duty | আবগারী শুল্ক |
| Dead-Lock | অচলাবস্থা | Executive | নির্বাহী |
| Decree | রায় | File | নথি |
| Deed | দলিল | Fiscal | অর্থবছর |
| Delegate | প্রতিনিধি | Forfeit | বাজেয়াপ্ত করা |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Fundamental right | মৌলিক অধিকার | Honorary | অবৈতনিক |
| Fourth State | চতুর্থ রাষ্ট্র (সংবাদপত্র) | Import Duty | আমদানি শুল্ক |
| Gazette | ঘোষণাপত্র | Index | নির্ঘণ্ট |
| Geology | ভূতত্ত্ব | Inspection | পরিদর্শন |
| Gist | সারমর্ম | Intellectual | বুদ্ধিজীবী |
| Great Bear | সপ্তর্ষিমণ্ডল | Interim | অন্তর্বর্তীকালীন |
| Green Room | সাজঘর | Interpreter | দোভাষী |
| Habeas Corpus | বন্দী প্রদর্শন | Invoice | চালান |
| Hand bill | প্রচারপত্র | Irrigation | সেচ |
| Hypothesis | প্রকল্প | Impeachment | অভিশংসন |
| Handicraft | হস্তশিল্প | Inflation | মুদ্রাস্ফীতি |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Joint secretary | যুগ্মসচিব | Manifesto | ইশতেহার |
| Justice | বিচারপতি | Manuscript | পাণ্ডুলিপি |
| Knavery | প্রতারণা | Mass education | গণশিক্ষা |
| Lease | ইজারা, পাট্টা | Memorandum | স্মারকলিপি |
| Licence | অনুজ্ঞাপত্র | Mint | টাকশাল |
| Latitude | অক্ষাংশ | Mortgage | বন্ধক |
| Longitude | দ্রাঘিমা | Negotiation | আলাপ-আলোচনা |
| Livestock | পশুসম্পদ | Nomination | মনোনয়ন |
| Lingua franca | মিশ্রভাষা | Notice | বিজ্ঞপ্তি |
| Linguistics | ভাষাবিজ্ঞান | Notification | প্রজ্ঞাপন |
| Ledger | খতিয়ান | Optional | ঐচ্ছিক |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Ordinance | অধ্যাদেশ | Power of attorney | মোক্তারনামা |
| Obligatory | বাধ্যতামূলক | Quarterly | ত্রৈমাসিক |
| Pact | চুক্তি | Quotation | দরপত্র |
| Passport | ছাড়পত্র | Questionnaire | প্রশ্নমালা |
| Pen-name | ছদ্মনাম | Recreation | বিনোদন |
| Portfolio | দপ্তর | Recruitment | নবনিয়োগ |
| Postage | ডাকমাশুল | Referendum | গণভোট |
| Pottery | মৃৎশিল্প | Rehabilitation | পুনর্বাসন |
| Principle | মূলনীতি | Renew | নবায়ন করা |
| Propaganda | প্রচারণা | Revenue | রাজস্ব |
| Provision | বিধান | Riot | দাঙ্গা |

# পরিভাষা

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Sanction | মঞ্জুরি | Testimonial | প্রশংসাপত্র |
| Scheme | পরিকল্পনা | Treasury | কোষাগার |
| Secretariat | সচিবালয় | Tribal | আদিবাসী |
| Secularism | ধর্মনিরপেক্ষতা | Tenancy | প্রজাস্বত্ব |
| Sovereignty | সার্বভৌমত্ব | Tribunal | বিশেষ আদালত |
| Spokesman | মুখপাত্র | Ultimatum | চরমপত্র |
| Stay Order | স্থগিতাদেশ | White paper | শ্বেতপত্র |
| Subsidiary | সম্পূরক | Wholesale | পাইকারি |
| Suffrage | ভোটাধিকার | Withdraw | প্রত্যাহার |
| Symposium | আলোচনা সভা | Zodiac | রাশিচক্র |
| Tender | দরপত্র | Zonal | আঞ্চলিক |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| যার কিছু নেই/ নিঃস্ব = অকিঞ্চন | যে নারীর হাসি সুন্দর = সুস্মিতা |
| যার মনে কামনা/ আকাঙ্ক্ষা আছে = আকিঞ্চন | যে নারীর হাসি পবিত্র = শুচিস্মিতা |
| যা কুঁচকে/ সংকুচিত হচ্ছে = আকুঞ্চন | যার স্পৃহা দূর হয়েছে = বীতস্পৃহ |
| যা উচ্চারণ করা যায় না = অনুচ্চার্য | যে অঘটন ঘটাতে পটু = অঘটনঘটনপটিয়সী |
| যা উচ্চারণ করা কষ্টকর = দুরুচ্চার্য | যে সুপথ হতে কুপথে যায় = উন্মার্গগামী |
| যিনি যুদ্ধে স্থির থাকেন = যুধিষ্ঠির | যিনি শস্য ওজন করেন = কয়াল |
| যিনি যুদ্ধ হতে পলায়ন করেন না = সংশপ্তক | রাত্রির সূচনা কাল = প্রদোষ |
| সাপের চামড়া = নির্মোক, কঞ্চুক | লয় প্রাপ্ত হয়েছে যা = লীন |
| বাঘের চামড়া = কৃত্তি | লবণ কম হয়েছে এমন = আলুনি |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| হরিণের চামড়া = অজিন | শুভ ক্ষণে জন্ম যার = ক্ষণজন্মা |
| পরকে পালন করে যে = পরভৃৎ (কাক) | শোক দূর হয়েছে যার = বীতশোক |
| পরের দ্বারা পালিত হয় যে = পরভৃত (কোকিল) | হাতি, ঘোড়া, রথ ও পদাতিক সৈন্য নিয়ে খেলা = চতুরঙ্গ (দাবা) |
| শুনেই যার মনে থাকে = শ্রুতিধর | পঁচিশ বছর পূর্তির জন্য যে উৎসব = রজতজয়ন্তী/ রৌপ্যজয়ন্তী |
| সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা = প্রত্যুদগমন | পঞ্চাশ বছর পূর্তির জন্য যে উৎসব = সুবর্ণজয়ন্তী |
| সমৃদ্ধ গ্রাম = কসবা | ষাট বছর পূর্তির জন্য যে উৎসব = হীরক জয়ন্তী |
| সুন্দর হাতের লেখা যার = খোশনবিশ | একই সময়ে বর্তমান = সামসময়িক |
| সুদে টাকা খাটানো = তেজারতি | একই সময়ে = যুগপৎ |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| সতর্কতাজনিত অগভীর নিদ্রা = কাকনিদ্রা | কর্মে অতিশয় কুশল = কর্মকুশল |
| সৎ বংশে জন্ম = কুলীন | কর্মে অতিশয় তৎপর = করিতকর্মা |
| স্বর্গের গঙ্গা = মন্দাকিনী | হিত কামনা করে যে = হিতাকাঙ্ক্ষী |
| সূর্যের উপাসক = সৌর | হিত সাধনে ইচ্ছুক = হিতৈষী |
| সুন্দরী রমনী = রামা | ঘুমিয়ে আছে যে = সুপ্ত |
| স্ত্রী লোকের কেশ = কবরী | ঘুমাইতেছে যে = ঘুমন্ত |
| স্বর্ণ নিমিত্ত প্রাসাদ = হেমহর্ম্য | অন্য কোন গতি নেই যার = অনন্যগতি |
| হস্তীর শাবক = করভ | অন্য কারো উপর আসক্ত হয় না যে নারী = অনন্যা |
| হস্তী রাখার স্থান = পিলখানা | অতি বৃদ্ধ নারী = বড়াই |
| হত্যা করে যে = হন্তারক | অতিশয় রমণীয় = সুরম্য |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| অদূর ভবিষ্যতে যা পাবার সম্ভাবনা নেই = সুদূরপরাহত | অত্যন্ত শৌখিন লোক = ফুলবাবু |
| অভ্র লেহন করে যে = অভ্রংলেহ | অন্যায় গোঁড়ামিপূর্ণ প্রতিষ্ঠান = অচলায়তন |
| অরণ্যে জাত অগ্নি = দাবানল | অতিশয় কর্ম নিপুণ ব্যক্তি = ধুরন্ধর |
| অশ্ব রাখার স্থান = মন্দুরা | অগ্নি উৎপাদনের কাঠ = অরণি |
| আদি হতে অন্ত পর্যন্ত = আদ্যন্ত, আদ্যোপান্ত | অগ্র পশ্চাৎ ক্রম অনুযায়ী = আনুপূর্বিক |
| আপনাকে যে পণ্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য | আহ্বান করা হয়েছে যাকে = আহূত |
| আকারের সাথে বিদ্যমান = সাকার | ইন্দ্রিয়ের সংযম = দ্রম |
| আজন্ম শত্রু = জাতশত্রু | ইন্দ্রজিতের স্ত্রী = প্রমীলা |
| আঙ্গুর ফল = দ্রাক্ষা | ইন্দ্রের বাগান = নন্দন |
| আহারের দ্বারা ক্ষুধা নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি | ঈষৎ আমিষ গন্ধ যার = আঁষটে |

| | |
|---|---|
| ক্ষমার অযোগ্য = ক্ষমার্হ | আকাশে গমন করে যে = খেচর |
| ক্ষমার যোগ্য = ক্ষমার্হ | আনন্দের যোগ্য = নন্দ্য |
| ইন্দ্রকে জয় করে যে = ইন্দ্রজিৎ | চিবিয়ে খাবার যোগ্য = চর্ব্য |
| ইন্দ্রিয়কে জয় করে যে = জিতেন্দ্রিয় | চেটে খাওয়ার যোগ্য = লেহ্য |
| ইহার তুল্য = ঈদৃশ | রান্নার যোগ্য = পাচ্য |
| আমার তুল্য = সাদৃশ | বহনের যোগ্য = নীয়মান |
| সেই/তার তুল্য = তাদৃশ | যা বার বার দুলছে = দোদুল্যমান |
| ঋণ দেয় যে = উত্তমর্ণ | যা বার বার দীপ্তি পাচ্ছে = দেদীপ্যমান |
| ঋণ নেয় যে = অধমর্ণ | যা বার বার রোদন করছে = রোরুদ্যমান |
| তরিৎ গমন করে যে = তুরগ | ঈষৎ উষ্ণ = কবোষ্ণ |
| বুকে হেঁটে গমন করে যে = উরগ | ঈষৎ পাংশু বর্ণ = কয়রা |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| পায়ে হেঁটে গমন করে না যে = পন্নগ | উৎসবের জন্য নির্মিত গৃহ = মণ্ডপ |
| কচি ঘাস আবৃত জমি = শাদ্বল | উত্তর দিক সম্পর্কিত = উদীচী |
| গুরুর পত্নী = গুর্বী | একবার শুনলে যার মনে থাকে = শ্রুতিধর |
| গাছের পাতায় তৈরি পাত্র = পত্রপুট | ওজন করা হয় যে যন্ত্রের সাহায্যে = তুলাদণ্ড |
| গৃহের প্রধান প্রবেশ পথ = দেউড়ি | কল্পনার দ্বারা রচিত মূর্তি = ভাবমূর্তি |
| গমন করতে পারে যে = জঙ্গম | কবির পরিচয় জ্ঞাপক উক্তি = ভনিতা |
| গদ্যপদ্যময় কাব্য = চম্পূ | কাম, ক্রোধ ও লোভের বশীভূত = অজিতেন্দ্রিয় |
| গবাদি পশু রাখার স্থান = বাথান | কষ্টি পাথরে ঘর্ষিত = নিকষিত |
| গৃহহীন এমন = অনিকেত | কাঁচের তৈরি ঘর = শীশমহল |
| গ্রন্থ রচনার জন্য টীকা = দীপিকা | |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| চক্ষুর সম্মুখে সংঘটিত = চাক্ষুষ | ক্ষুধার অল্পতা = অগ্নিমান্দ্য |
| চৈত্র মাসের ফসল = চৈতালি | ক্ষুদ্র জলাশয় = পল্বল |
| চোখের কোন = অপাঙ্গ | কর্মে যাহার ক্লান্তি নেই = অক্লান্তকর্মী |
| চামড়ার কাজ দ্বারা বৃত্তি অর্জন = চর্মকার | তরল অথচ গাঢ় = সান্দ্র |
| ছয় মাস অন্তর = ষান্মাসিক | ত্যাগ করা হয়েছে যাকে = ত্যাজ্যমান |
| জয়সূচক যে উৎসব = জয়ন্তী | তিল তিল করে গড়ে তোলা সৌন্দর্য = তিলোত্তমা |
| জনবিরল বিশাল প্রান্তর = তেপান্তর | চারিদিকে অপ (পানি) যার = দ্বীপ |
| যিনি স্মৃতি শাস্ত্রে পণ্ডিত = স্মার্ত | দ্বীপে জন্ম হয়েছে যার = দ্বৈপায়ন |
| যিনি বিদ্যা লাভ করেছেন = কৃতবিদ্য | দুইবার জন্মে যে = দ্বিজ |
| অক্ষির সমক্ষে/ অভিমুখে বর্তমান = প্রত্যক্ষ | দামি জিনিসপত্র রাখার স্থান = তোশাখানা |
| অক্ষির সমীপে = সমক্ষ | দুগ্ধবতী গাভী = পয়স্বিনী |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| ইতিহাস রচনা করেন যিনি = ঐতিহাসিক | ধনের দেবতা = কুবের |
| ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা | নীল বর্ণের বানর = উল্লুক |
| উপকারীর উপকার স্বীকার করে যে = কৃতজ্ঞ | পাঁচ মিশালি মশলা = পাঁচফোড়ন |
| উপকারীর উপকার স্বীকার করে না যে = অকৃতজ্ঞ | পথিকদের আহারের গৃহ = পান্থশালা |
| উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন | পূর্ণিমার চাঁদ = রাকা |
| যা কোন ভাবেই নিবারণ করা যায় না = অনিবার্য | ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি |
| যা নিবারণ করা কষ্টকর = দুর্নিবার | যে গাছ হতে ঔষধ তৈরি করা হয় = ঔষধি |
| যা কোন ভাবেই দমন করা যায় না = অদম্য | যে গাছে ফল ধরে, কিন্তু ফুল ধরে না = বনস্পতি |
| যা দমন করা কষ্টকর = দুর্দমনীয় | যে গাছ কোনো কাজে লাগে না = আগাছা |
| আঘাত পায় নি = অনাহত | যে গাছ অন্য গাছের উপর বাঁচে = পরগাছা |
| যা ডাকা হয় নি = অনাহূত | যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| যার অন্য উপায় নেই = অনন্যোপায় | যা পূর্বে ঘটেনি = অভূত পূর্ব |
| যার কোন উপায় নেই = নিরুপায় | যা পূর্বে শোনা যায় নি = অশ্রুতপূর্ব |
| যে পুরুষ বিয়ে করেছে = কৃতদার | যা পূর্বে দেখা যায় নি = অদৃষ্টপূর্ব |
| যে পুরুষ বিয়ে করেনি = অকৃতদার | যার কোন কিছুতেই ভয় নেই = অকুতোভয় |
| যে মেয়ের বিয়ে হয় নি = কুমারী | যার ভয় নেই = নির্ভীক |
| যে মেয়ের নতুন বিয়ে হয়েছে = নবোঢ়া | যা কষ্টে জয় করা যায় = দুর্জয় |
| যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা | যা জয় করা যায় না = অজয় |
| যে নারীর একটিমাত্র সন্তান হয় = কাকবন্ধ্যা | যা বলা হয় নি = অনুক্ত |
| যে নারীর বিয়ে হয় না = অনূঢ়া | যা বলার যোগ্য নয় = অকথ্য |
| যে নারীর স্বামী বিদেশে থাকে = প্রোষিতভর্তৃকা | ত্যাগ করা হয়েছে যাকে = ত্যজ্যমান |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে = প্রোষিতপত্নীক | যে ভবিষ্যতের চিন্তা করে না = অপরিণামদর্শী |
| দিনের পূর্বভাগ = পূর্বাহ্ণ | যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে = অবিমৃশ্যকারী |
| দিনের মধ্যভাগ = মধ্যাহ্ন | যে ভবিষ্যৎ চিন্তা করে কাজ করে = দূরদর্শী |
| দিনের শেষ ভাগ = সায়াহ্ন | সকলের জন্য প্রযোজ্য/ হিতকার = সর্বজনীন |
| দিনের অপর ভাগ = অপরাহ্ণ | অনুসন্ধান করার ইচ্ছা = অনুসন্ধিৎসা |
| দিন ও সন্ধ্যার মিলন = গোধূলী | অপকার করার ইচ্ছা = অপচিকীর্ষা |
| রাত ও দিনের সংযোগ সময় = সুবেহসাদিক | অনুকরণ করার ইচ্ছা = অনুচিকীর্ষা |
| রাত্রির প্রথম ভাগ = পূর্বরাত্র | হনন করার ইচ্ছা = জিঘাংসা |
| রাত্রির মধ্যভাগ = মহানিশা | ক্ষমা করার ইচ্ছা = তিতিক্ষা |
| রাত্রির শেষভাগ = পররাত্র | গমন করার ইচ্ছা = জিগমিষা |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| রাত্রির সবভাগ একত্রে = ত্রিযামা | গোপন করার ইচ্ছা = জুঘুক্ষা |
| যে অন্যের গৃহ হতে ভিক্ষা করে = মাধুকরী | জয় করার ইচ্ছা = জিগীষা |
| যে অন্যের লেখা চুরি করে = কুম্ভীলক | নিন্দা করার ইচ্ছা = জুগুপ্সা |
| যে অন্য দিকে মন দেয় = অন্যমনা, বিমনা | বাঁচার ইচ্ছা = জিজীবিষা |
| যে অন্য দিকে মন দেয় না = অনন্যমনা | সেবা করার ইচ্ছা = শুশ্রূষা |
| ভোজন করার ইচ্ছা = বুভুক্ষা | নূপুরের ধ্বনি = নিক্কণ |
| প্রবেশ করার ইচ্ছা = বিবক্ষা | মেঘের ধ্বনি = জীমূতমন্দ্র |
| ক্ষমা করার ইচ্ছা = চিক্ষমিষা | ভ্রমরের ধ্বনি = গুঞ্জন |
| মুক্তি পেতে ইচ্ছা = মুমুক্ষা | গুরু গম্ভীর ধ্বনি = মন্দ্র |
| জানার ইচ্ছা = জিজ্ঞাসা | পুরুষের উদ্দাম নৃত্য = তাণ্ডব |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| যুদ্ধ করার ইচ্ছা = যুযুৎসা | পাখি ধরার ফাঁদ = বীতংস |
| লাভ করার ইচ্ছা = লিপ্সা | পত্নী বর্তমান থাকা সত্ত্বেও পুনঃবিবাহ = অধিবেদন |
| সেবা করার ইচ্ছা = সিষেবিষা/শুশ্রূষা | প্রভাতের নতুন সূর্য = বালার্ক |
| হরণ করার ইচ্ছা = জিহীর্ষা | ফুলের বাইরের আবরণ = বৃতি |
| দেখার ইচ্ছা = দিদৃক্ষা | বপন করা হয়েছে = উপ্ত |
| কোন কাজে মন নেই যার = অনন্যমনা | বিধিকে অতিক্রম না করে = যথাবিধি |
| অতি উচ্চ ধ্বনি = মহানাদ | বিগত মন যার = বিমনা |
| অলঙ্কারের ধ্বনি = শিঞ্জন | বিষয় সম্পর্কে জানেন যিনি = বৈষয়িক |
| কর্কশ ধ্বনি = ক্রেঙ্কার | বছরের শেষ হিসাব নিকাশ = সালতামামি |
| কুকুরের ধ্বনি = বুক্কন | বৃষ্টির জলকণা = শীকর |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| ঘোড়ার ধ্বনি = হ্রেষা | ভিতরে থেকে গোপনে ক্ষতি সাধন = অর্ন্তঘাত |
| পাখির ধ্বনি = কাকলি | ভোরের শিশির = শবনম |
| হাতির ধ্বনি = বৃংহতি | মাথার খুলি = করোটি |
| যার বংশ পরিচয় এবং স্বভাব কেউ জানে না = অজ্ঞাতকুলশীল | মাটি দিয়ে তৈরি = মৃন্ময় |
| যা চিন্তা করা যায় না = অচিন্ত্য, অচিন্তনীয় | মাসের শেষ দিন = সংক্রান্তি |
| যা খুব শীতল বা উষ্ণ নয় = নাতিশীতোষ্ণ | মুগ্ধ করে যে = মোহিনী |
| যে বস্তু হতে উৎখাত হয়েছে = উদ্বাস্তু | মীনের (মাদ) ন্যায় যার অক্ষি = মীনাক্ষী |
| যে বিষয়ে কোন বিতর্ক নেই = অবিসংবাদী | মাদি প্রবেশ করতে পারে না যেখানে = নির্মক্ষিক |
| ভবিষ্যতে যা ঘটবে = ভবিতব্য | |

# এক কথায় প্রকাশ

| | |
|---|---|
| যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ = শ্বাপদসংকুল | মর্মে পীড়া দেয় যে = মর্মন্তুদ |
| যিনি বক্তৃতা দানে পটু = বাগ্মী | মরার মত অবস্থা = মুমূর্ষু |
| যে সকল অত্যাচার সহ্য করে = সর্বংসহা | মনুষ্য লোকে যা সামান্য নয় = আলোক সামান্য |
| যে রব শুনে এসেছে = রবাহূত | যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি |
| যে নারী আজীবন সধবা = চিরায়ুষ্মতী | যার সর্বস্ব হারিয়ে গেছে = হৃতসর্বস্ব, সর্বহারা |
| যে জন্মে নি = অজ | যা বিনা যত্নে লাভ করা গিয়েছে = অযত্নলব্ধ |
| যে নারীর স্বামী ও পুত্র নেই = অবীরা | যা সাধারণের মধ্য দেখা যায় না = অনন্যসাধারণ |
| যেখানে মৃত গরু ফেলা হয় = ভাগাড় | যা অধ্যয়ন করা হয়েছে = অধীত |
| যা গতিশীল = জঙ্গম | যে স্ত্রীর বশীভূত = স্ত্রৈণ |
| যা সহজে হজম করা যায় না = দুষ্পাচ্য | যুবতী জায়া যার = যুবজানি |

➲ ২০০০ সালে প্রতিষ্ঠিত হওয়া ‘উদ্ভাস একাডেমিক কেয়ার’ ২০২৫ সালে পালন করছে-

(a) সুবর্ণ জয়ন্তী

(b) হীরক জয়ন্তী

(c) প্লাটিনাম জয়ন্তী

(d) রজত জয়ন্তী

➲ 'যে আলোতে কুমুদ ফোটে' -এককথায় কী হবে? [৪৮তম বিসিএস]

(ক) কুমুদিন (খ) কৌমুদী (গ) প্রভাবতী (ঘ) বিভা

➲ ছড়ার ছন্দকে কী বলে? [৪৮তম বিসিএস]

(ক) স্বরবৃত্ত (খ) মাত্রাবৃত্ত (গ) অক্ষরবৃত্ত (ঘ) গদ্যছন্দ

➲ 'Glossary' শব্দের বাংলা পরিভাষা- [৪৭তম বিসিএস]

(ক) জ্ঞাপনপত্র (খ) সর্বসাকল্যে (গ) শব্দার্থপঞ্জি (ঘ) গুদামজাত

➲ সাহিত্যের রূপ ও রীতির বিচারে কোন গ্রন্থটি ব্যতিক্রম? [৪৭তম বিসিএস]

(ক) বাংলা কাব্য (খ) দিবারাত্রির কাব্য (গ) শেষের কবিতা (ঘ) নদী ও নারী

➲ 'Pedagogy' শব্দের পরিভাষা- [৪৬তম বিসিএস]

(ক) সহশিক্ষা (খ) নারীশিক্ষা (গ) শিক্ষাতত্ত্ব (ঘ) শিক্ষানীতি

➲ 'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক।'– বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে? [৪৫তম, ৩৯তম বিসিএস]

(ক) পদান্বয়ী অব্যয় (খ) অনুসর্গ অব্যয় (গ) অনন্বয়ী অব্যয় (ঘ) অনুকার অব্যয়

➲ ‘তোমার নাম কী?’– এখানে ‘কী’ কোন প্রকারের শব্দ? [৪৫তম বিসিএস]

(ক) প্রশ্নবাচক (খ) অব্যয় (গ) সর্বনাম (ঘ) বিশেষণ

➲ স্বরান্ত অক্ষরকে কী বলে? [৪৫তম বিসিএস]

(ক) একাক্ষর (খ) মুক্তাক্ষর (গ) বদ্ধাক্ষর (ঘ) যুক্ষাক্তর

➲ ‘Rank’ শব্দের বাংলা পরিভাষা কী? [৪৫তম বিসিএস]

(ক) পদ (খ) পদমর্যাদা (গ) মাত্রা (ঘ) উচ্চতা

➲ ‘দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।’ -এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত? [৪৪তম, ৪০তম বিসিএস]

(ক) অপহ্নুতি (খ) যমক (গ) অর্থোন্নতি (ঘ) অভিযোজন

➲ কোনটি ‘জিগীষা’র সম্প্রসারিত প্রকাশ? [৪৪তম বিসিএস]

(ক) জানিবার ইচ্ছা (খ) জয় করিবার ইচ্ছা (গ) হনন করিবার ইচ্ছা (ঘ) যুদ্ধ করিবার ইচ্ছা

➲ ‘মৃত্তিকা দিয়ে তৈরি’- কথাটি সংকোচন করলে হবে- [৪৪তম বিসিএস]

(ক) তন্ময় (খ) মন্ময় (গ) মৃন্ময় (ঘ) চিন্ময়

- নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত? [৪৪তম বিসিএস]

  (ক) কহ্ (খ) কথ্ (গ) বুধ্ (ঘ) গঠ্

- কোনটি নামধাতুর উদাহরণ? [৪৩তম বিসিএস]

  (ক) চ্ল (খ) কর্ (গ) বেতা (ঘ) পড়ু

- 'Attested'- এর বাংলা পরিভাষা কোনটি? [৪৩তম, ৪০তম বিসিএস]

  (ক) সত্যায়িত (খ) প্রত্যয়িত (গ) সত্যায়ন (ঘ) সংলগ্ন/সংলাগ

- 'জিজীবিষা' শব্দটির অর্থ কী? [৪৩তম, ৪০তম বিসিএস]

  (ক) জীবননাশের ইচ্ছা (খ) বেঁচে থাকার ইচ্ছা (গ) জীবনকে জানার ইচ্ছা (ঘ) জীবন-জীবিকার পথ

- 'যিনি ন্যায়শাস্ত্র জানেন' এর এককথায় প্রকাশিত রূপ হলো- [৪২তম বিসিএস]

  (ক) ন্যায়বাগীশ (খ) নৈয়ায়িক (গ) ন্যায়পাল (ঘ) ন্যায়ঋদ্ধ

- 'অনুকম্পা' শব্দের ইংরেজি কোনটি? [৪২তম বিসিএস]

  (ক) Clemency (খ) Enthral (গ) Erudition (ঘ) Fathom

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ



- **'Notification'-এর বাংলা পরিভাষা কোনটি?** [৪২তম বিসিএস]
  (ক) বিজ্ঞাপন (খ) বিজ্ঞপ্তি (গ) বিজ্ঞপ্তি ফলক (ঘ) প্রজ্ঞাপন
- **'কুসীদজীবী' বলতে কাদের বুঝায়?** [৪১তম বিসিএস]
  (ক) চারণকবি (খ) সাপুড়ে (গ) সুদখোর (ঘ) কৃষিজীবী
- **'প্রোষিতভর্তৃকা' – শব্দটির অর্থ কী?** [৪০তম বিসিএস]
  (ক) ভর্ৎসনাপ্রাপ্ত (খ) যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে
  (গ) ভূমিতে প্রোথিত তরুমূল (ঘ) যে বিবাহিতা নারী পিত্রালয়ে অবস্থান করে
- **অন্যের রচনা থেকে চুরি করাকে বলা হয়–** [৪০তম বিসিএস]
  (ক) বেতসবৃত্তি (খ) পতঙ্গবৃত্তি (গ) জলৌকাবৃত্তি (ঘ) কুম্ভিলকবৃত্তি
- **'Hand out' –এর শুদ্ধ বাংলা পরিভাষা হচ্ছে:** [৩৯তম বিসিএস]
  (ক) হস্তপত্র (খ) জ্ঞাপনপত্র (গ) তথ্যপত্র (ঘ) প্রচারপত্র
- **'Null and Void' –এর বাংলা পরিভাষা কোনটি?** [৩৮তম বিসিএস]
  (ক) বাতিল (খ) পালাবদল (গ) মামুলি (ঘ) নিরপেক্ষ

- ‘Custom’ শব্দের পরিভাষা কোনটি যথার্থ? [৩৭তম বিসিএস]

(ক) আইন | (খ) প্রথা | (গ) শুল্ক | (ঘ) রাজস্বনীতি

- Ode কী? [৩৭তম বিসিএস]

(ক) শোককবিতা | (খ) পত্রকাব্য | (গ) খণ্ড কবিতা | (ঘ) কোরাসগান

- 'Consumer goods'-এর উপযুক্ত বাংলা পরিভাষা কী? [৩৫তম বিসিএস]

(ক) ভোক্তার কল্যাণ | (খ) ভোগ্যপণ্য | (গ) ক্রয়কৃত পণ্য | (ঘ) ক্রেতার গুণাগুণ

- ‘লবণ’ শব্দের বিশেষ্য কোনটি? [৩৫তম বিসিএস]

(ক) নোনতা | (খ) লবণাক্ত | (গ) লাবণ্য | (ঘ) ললিত

**ব্যাখ্যা:** ‘লবণ’ বিশেষ্য শব্দটির অর্থ: ক্ষারকযুক্ত দ্রব্য বা নুন। ‘লবণ’ -এর বিশেষণ ‘লবণাক্ত’

# BCS কঠিন নয়; প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/@Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উদ্ভাস-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy